

যুগান্তর

জবি অধ্যাপকের ওপর হামলার প্রতিবাদে মানববন্ধন

👤 জবি প্রতিনিধি

🕒 ০৭ মে ২০২৩, ১৮:০০:০০ | [অনলাইন সংস্করণ](#)



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মো. নজরুল ইসলামের ওপর হামলার প্রতিবাদে মানববন্ধন ও সমাবেশ করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (জবিশিস)।

রোববার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে এ মানববন্ধনের আয়োজন করা হয়।

মানববন্ধনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. একেএম লুতফর রহমান হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, কোনো শিক্ষককে হামলা করা হলে শিক্ষক হিসেবে আমরা বসে থাকতে পারি না। শিক্ষা জাতির মেরুদণ্ড। শিক্ষকের

মর্যাদাকে সমুন্নত রাখতে আমরা সব ধরনের প্রচেষ্টা চালিয়ে যাবো। ইতোমধ্যে আমরা স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করেছি এবং শিগগিরই এ ব্যাপারে মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করব।

এসময় অভিযুক্ত চেয়ারম্যান ও মাদ্রাসা ম্যানেজিং কমিটির সভাপতি আব্দুল্লাহ আল মাহমুদসহ সকলের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করে দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি জানান তিনি।

মানববন্ধনে কলা অনুষদের ডিন ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাদা দলের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. রইস উদদীন বলেন, অধ্যাপক নজরুল ইসলামের সঙ্গে থাকা মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরিচালক জিয়াউল আহসানকে জিজ্ঞাসাবাদ করলেই আমার মনে হয় প্রকৃত ঘটনাটি বেরিয়ে আসবে। একই ঘটনায় আমাদের সহকর্মীর ওপর হামলা হলো কিন্তু ওই বোর্ড পরিচালক একদম অরক্ষিত অবস্থায় সেখান থেকে ফিরে আসে। এখানেই সন্দেহ হয় ইউপি চেয়ারম্যান আব্দুল্লাহ আল মামুনের সাথে ওই কর্মকর্তার কোন দেনা পাওনার যোগসাজশ আছে কিনা? এই বিষয়টি খতিয়ে দেখতে হবে।

এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, খুলনার কয়রার উত্তরচক আমিনিয়া বহুমুখী কামিল মাদ্রাসার প্রিন্সিপাল নিয়োগকে কেন্দ্র করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মো. নজরুল ইসলামকে আটকে রেখে তার ওপর নির্মম নির্যাতনের অভিযোগ উঠে মহারাজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল্লাহ আল মাহমুদের বিরুদ্ধে।

অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম সেখানে অধ্যক্ষ নিয়োগ পরীক্ষায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023